

দুটি সন্তানের বেশী নয়  
একটি হলে ভাল হয়।

পরিশিষ্ট-ভ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা -১২১৫।

স্মারক নং - পপঅ/এফএসডিপি/২০০৮/১৫২/২০০৯-১০/৬৮৪

তারিখ: ২৮/০১/১০ইং

বিষয়:- স্যাটেলাইট ক্লিনিক, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এম সি এইচ ইউনিট, মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং সকল বেসরকারি ক্লিনিকের ব্যবহৃত জন্মনিরোধক ইনজেকটেবলসের খালি ভায়াল ধ্বংস করণ।

সূত্র : ১। পপঅ/এফএসডি/পরিপত্র/০৬-০৭/২৩৩ তারিখঃ ১৭ জানুয়ারী/২০০৭  
২। পপঅ/এফএসডি/পরিপত্র/০৮-০৯/৩৫০ তারিখঃ ২৫ সেপ্টেম্বর/২০০৮

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্যাটেলাইট ক্লিনিক, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এম সি এইচ ইউনিট, মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং সকল বেসরকারি ক্লিনিকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ব্যবহৃত জন্মনিরোধক ইনজেকটেবলসের খালি ভায়াল সংগ্রহ ও ধ্বংস করণ সংক্রান্ত সূত্রে বর্ণিত পরিপত্র দুটি এতদ্বারা বাতিল করা হলো। এখন হতে পঞ্চম সংশোধিত সাপ্লাই ম্যানুয়েল (সংস্করণ অক্টোবর/২০০৬) অনুযায়ী কনডেমনেশন কমিটির মাধ্যমে উপজেলা পর্যায়ে এ সকল ব্যবহৃত জন্মনিরোধক ইনজেকটেবলসের খালি ভায়াল গণনা, যাচাই, বাছাই ও ধ্বংস করার জন্য অনুরোধ করা হলো। তবে কনডেমনেশন কমিটিতে জেলা পরিবার পরিকল্পনা কমিটির সভাপতি হিসাবে জেলা প্রশাসকের একজন মনোনীত প্রতিনিধি কো-অপ্ট (Co-opt) করে নিতে হবে। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহাপরিচালকের আদেশক্রমে।

(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)

পরিচালক (অর্থ)

লাইন ডাইরেক্টর, ফিল্ড সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম

ফোন-৮১৪৪৭৪৩

উপপরিচালক (সকল)

জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়

-----।

স্মারক নং - পপঅ/এফএসডিপি/২০০৮/১৫২/২০০৯-১০/৬৮৪/১(১২০০) তারিখ: ২৮/০১/১০ইং

অনুলিপি সদয় অবগতি কার্যার্থে :

১. যুগ্ম-সচিব (পরিবার কল্যাণ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম প্রধান (পরিবার কল্যাণ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল),..... পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৪. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ..... বিভাগ।
৫. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৬. জেলা প্রশাসক (সকল) -----জেলা।
৭. অতিরিক্ত পরিচালক (কেন্দ্রীয় পণ্যাগার), মহাখালী, ঢাকা।
৮. উপপরিচালক (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ..... জেলা।
৯. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল)..... উপজেলা, ..... জেলা।
১০. সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার (সকল)-----
১১. -----এনজিও।
১২. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, এই অধিদপ্তর।
১৩. অফিস কপি।

স্বাক্ষরিত

(ডাঃ এস এ ফিদা হাসান)

প্রোগ্রাম ম্যানেজার

(ফিল্ড সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম)

ফোন- ৮১৫১৮৬১(অফিস)